

সরকার ও ইউজিসি অনুমোদিত রাজশাহীর প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন আগামী ২ জুন অনুষ্ঠিত হতে যাচ্ছে। ইতোমধ্যে সমাবর্তন আয়োজনের প্রস্তুতি পুরোদমে শুরু হয়েছে। ১২ এপ্রিল থেকে সমাবর্তনের রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু হয়েছে; যা ১৫ মে ২০২২ পর্যন্ত চলবে। সমাবর্তনের রেজিস্ট্রেশন প্রক্রিয়া অনলাইনে সম্পাদন করা যাচ্ছে।

বরেন্দ্র বিশ্ববিদ্যালয় থেকে স্প্রিং ২০২০ সেমিস্টার পর্যন্ত স্নাতক সম্মান (অনার্স) ও স্নাতকোত্তর (মাস্টার্স) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যথাযথভাবে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পাদন করে এই সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন।

২০১২ সালে প্রতিষ্ঠার পর থেকে গত ১০ বছরে বরেন্দ্র বিশ্ববিদ্যালয় মানসম্মত উচ্চশিক্ষা ও গবেষণা পরিচালনায় নিরলস ভূমিকা পালনের মধ্য দিয়ে দেশে-বিদেশে সুনাম অর্জন করেছে। এই বিশ্ববিদ্যালয় থেকে উচ্চশিক্ষা গ্রহণ করে বিপুলসংখ্যক শিক্ষার্থী দেশ ও দেশের বাইরে বিভিন্ন প্রতিষ্ঠানে কাজ করছেন। বরেন্দ্র বিশ্ববিদ্যালয় তার অর্জন ও কৃতিত্বের এই ধারাবাহিকতায় প্রথম সমাবর্তন আয়োজন করতে যাচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রার ১০ম বছরে হতে যাওয়া এই সমাবর্তনে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদেরকে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। ১২ এপ্রিল থেকে রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু হয়েছে। ইতোমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক গ্র্যাজুয়েট রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পাদন করেছেন।

রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১৫ মে ২০২২। এরপর আর রেজিস্ট্রেশনের সুযোগ থাকবে না। রেজিস্ট্রেশনের ওয়েব লিংক, আবেদন ও ফি জমাদানের প্রক্রিয়াসহ বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.vu.edu.bd) ও ফেসবুক পেইজে (<https://www.facebook.com/vu.edu>) পাওয়া যাচ্ছে।

